

এপ্রিল ২, ২০১৪ ইং

## বিশ্ব

### গমের উৎপাদন বৃদ্ধিই হোক মূল লক্ষ

The International Wheat Yield Partnership (IWYP) আগামী ২০৩৪ সালের মধ্যে গমের উৎপাদন শতকরা ৫০% ভাগ বৃদ্ধি করার ঘোষণা দিয়েছে। মেক্সিকোতে বোরলগ সামিট উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে খাদ্য নিরাপত্তা এবং খাদ্য চাহিদা মোকাবেলা সংক্রান্ত আলোচনায় এ প্রত্যয় ব্যক্ত করেন সংগঠনের সভাপতি Steve Visscher। তিনি বলেন আমরা এ প্রকল্পের মাধ্যমে গবেষক, গবেষণা সংযোগ সফল সংগঠন, আন্তর্জাতিক দাতা সংস্থা এবং গণমাধ্যমকে একই প্ল্যাটফর্মে আনতে সক্ষম হয়েছি। সুতরাং আমাদের লক্ষ্য অবশ্যই অর্জিত হবে। এ লক্ষ্য অর্জনের জন্য UK's Biotechnology and Biological Sciences Research Council (BBSRC), International Maize and Wheat Improvement Center (CIMMYT) এবং United States Agency for International Development (USAID) এর মত প্রতিষ্ঠান IWYP এর সাথে একান্ততা ঘোষণা করেছে।

For more information about this new partnership, read the news release at: <http://www.bbsrc.ac.uk/news/food-security/2014/140326-pr-international-partnership-wheats-potential.aspx>

## আফ্রিকা

### আফ্রিকার বিভিন্ন দেশে জিএম ফসল বিষয়ক ISAAA প্রতিবেদন প্রকাশ

গত ১৯ ফেব্রুয়ারি থেকে ২৮ মার্চ পর্যন্ত বুরকিনা ফাসো, দক্ষিণ আফ্রিকা, কেনিয়া ও উগান্ডাসহ আফ্রিকার বিবিধ দেশে জিএম ফসল বিষয়ক ISAAA প্রতিবেদনঃ জিএম ফসল বাণিজ্যিকীকরণের বৈশ্বিক অবস্থা-২০১৩ প্রকাশিত হয়েছে। উক্ত অনুষ্ঠানগুলোতে সংশ্লিষ্ট দেশগুলোর বিজ্ঞান ও কৃষি বিষয়ক মন্ত্রী, দায়িত্বশীল শিক্ষক, বিজ্ঞানী এবং গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন। বায়োটেক ফসলের দ্রুত গ্রহণযোগ্যতার জন্য সংশ্লিষ্ট দেশগুলোর বক্তারা এ প্রযুক্তির ইতিবাচক দিকগুলোকে তুলে ধরেন। মাননীয় মন্ত্রীরা বলেন বায়োটেক ফসলের সম্প্রসারণ বাড়িয়ে আমরা আফ্রিকা খাদ্য নিরাপত্তা নিশ্চিত করব। এর জন্য তারা ISAAA সহ বিশ্বের সফল দাতা সংস্থা এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানগুলোর প্রতি আহ্বান জানান।

For more information about this event, contact Dr. Barbara M. Zawedde at [ubic.nacri@gmail.com](mailto:ubic.nacri@gmail.com)

### আফ্রিকার তরুন সমাজ কৃষি অর্থনীতির মূল চালিকা শক্তি হবে- মহাপরিচালক, FAO

গত ২৪-২৮ মার্চ ২০১৪ আফ্রিকার টিউনিশ এ আয়োজিত আঞ্চলিক যুব সম্মেলনে FAO এর মহাপরিচালক Jose Graziano বলেন খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কৃষি এবং সংশ্লিষ্ট বিষয়ে যুবকেরাই মূখ্য ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। বর্তমানে আফ্রিকাতে অর্থনীতির উৎপাদন হার অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি। এর কারণ হিসেবে বক্তারা কৃষিতে বায়োটেকনোলজির মতো নতুন প্রযুক্তি ব্যবহারের কথা উল্লেখ করেন। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া এ অঞ্চলের উন্নয়নে FAO, কৃষি ব্যবসা সম্প্রসারণে আরো অধিক প্রকল্প গ্রহণ করবে বলে পরিকল্পনা নিয়েছে। এর ফলে একদিকে যেমন খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত হবে অন্যদিকে বেকার জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি হবে বলে জানিয়েছেন বক্তারা।

For more about this, read the FAO news article at: <http://www.fao.org/news/story/en/item/218326/icode/>

## আমেরিকা

### জিএম খাদ্য বিষয়ে নতুন প্রকাশনার মোড়ক উন্মোচন

কৃষি পণ্য উৎপাদনের জন্য যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যটি সর্বাদিক গুরুত্বপূর্ণ। অথচ এ রাজ্যে গত তিন বছর ধরে খরার জন্য কৃষি উৎপাদন বিঘ্নিত হচ্ছে। আর এ সমস্যা থেকে মুক্তির উপায় পেতে দেশটি ইতিমধ্যেই বায়োটেকনোলজি ব্যবহার করে অত্র অঞ্চল উপযোগী বিভিন্ন ফসলের খরা সহিষ্ণু কাত উদ্ভাবন করেছে। আর এসব খাদ্য শস্যের পরিবেশ এবং মানব স্বাস্থ্যের জন্য কোন কু-প্রভাব আছে কিনা এ নিয়ে গবেষণা করে আসছিল

দেশটির জাতীয় একটি প্রতিষ্ঠান American Council on Science and Health (ACSH)। সম্প্রতি প্রতিষ্ঠানটি তাদের গবেষণা ফলাফল প্রকাশ করেছে। এ প্রতিষ্ঠানটি তাদের প্রকাশনায় উল্লেখ করেছে তার সারসংক্ষেপ এমন-

- ১। জিএম ফসল খরাসহ বিভিন্ন বৈরী আবহাওয়াতে ফলন দিতে সক্ষম
- ২। জিএম কৃষি প্রচলিত পদ্ধতির চেয়ে অধিক উৎপাদনশীল
- ৩। যেহেতু যুক্তরাষ্ট্রসহ সারাবিশ্বে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে তাই এ প্রযুক্তি গ্রহন করে বর্তমান খাদ্য সংকট নিরসন করতে হবে।
- ৪। বায়োটেকনোলজি মানবস্বাস্থ্য এবং পরিবেশের জন্য নিরাপদ।

বায়োটেক ফসল বিরোধীদের বক্তব্যে বিচলিত না হয়ে সরকার এবং জনগনকে বায়োটেকনোলজি পৃষ্ঠপোষক করতে আহ্বান জানানো হয়েছে অত্র প্রকাশনায়।

Read and watch the media release at <http://acsh.org/2014/03/agricultural-biotechnology/>. Read the new publication at <http://www.scribd.com/doc/213709953/What-s-The-Story-Genetically-Modified-Food>

### রকেটের জ্বালানী উৎপাদন করবে বায়োটেক ব্যাকটেরিয়া

সম্প্রতি জর্জিয়া ইনস্টিটিউট অব টেকনোলজির একদল গবেষক জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রয়োগ করে এমন এক ধরনের ব্যাকটেরিয়া উদ্ভাবন করেছে যা কিনা JP-10 এর মত রকেট জ্বালানী উৎপাদন করতে সক্ষম। অভূতপূর্ব এ আবিষ্কারের ফলে রকেট জ্বালানী উৎপাদনে আরও এক ধাপ এগিয়ে গেল যুক্তরাষ্ট্র। তবে বিজ্ঞানীরা বিষয়টিকে এখনো পরীক্ষনাধীন অবস্থায় এ উদ্ভাবনের বিভিন্ন দিক নিয়ে পর্যবেক্ষন করছেন।

For more details about this research, read the news release available at <http://www.news.gatech.edu/2014/03/26/engineered-bacteria-produce-biofuel-alternative-high-energy-rocket-fuel>

### এশিয়া

#### বায়োটেক যোগাযোগ বিষয়ে প্রশিক্ষন

সম্প্রতি ফিলিপাইনের প্রায় শতাধিক গবেষক এবং উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ বায়োটেক যোগাযোগ বিষয়ে প্রশিক্ষন গ্রহন করেছেন। ১-২ এপ্রিল কেবু শহরের এক অভিজাত হোটেলে আয়োজিত এ প্রশিক্ষন কর্মশালায় বায়োটেকনোলজির বৈশ্বিক বর্তমান অবস্থা, স্থানীয় অবস্থা এবং জাতিয় জীবনিরাপত্তা বিধিমালা বিষয়েই মূলত প্রশিক্ষন প্রদান করা হয়। ISAAA এর গ্লোবাল কো-অর্ডিনেটর ড. র্যান্ডি এ হাওতিয়া তার উদ্বোধনী ভাষনে প্রশিক্ষনার্থী বিজ্ঞানী কর্মকর্তাবৃন্দের এ বিষয়ে জ্ঞান অর্জনের গুরুত্ব তুলে ধরেন। অপরদিকে DA-BPO এর নির্বাহী পরিচালক ড. ক্লারিধো ব্যারন বায়োটেক যোগাযোগের গুরুত্ব এবং এ বিষয়ে বিভিন্ন নীতিমালা সম্পর্কে আলোকপাত করেন। এছাড়া অন্যান্য প্রশিক্ষকবৃন্দ খাদ্যনিরাপত্তা নিশ্চিতকরনে বায়োটেক ফসলের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। জীবপ্রযুক্তির তথ্যাবলি কিভাবে রেডিও, টেলিভিশন এবং সংবাদ প্রকাশ করা উচিত এ বিষয়েও উক্ত কর্মশালায় প্রশিক্ষন দেয় হয়। দুই দিন ব্যাপী এ কর্মশালাটি DA-BPO and SEARCA-BIC এর উদ্যোগে পরিচালিত হয়েছে।

For more updates about biotechnology developments in the Philippines, visit SEARCA BIC's website at <http://www.bic.searca.org/> or send an e-mail to [bic@agri.searca.org](mailto:bic@agri.searca.org)

### ভারতে নতুন ১১ ধরনের বায়োটেক ফসলের মাঠ পরীক্ষার অনুমোদন

গত ২১ মার্চ জীবপ্রযুক্তি বিষয়ক ভারতীয় অন্যতম জাতীয় পরিষদ The Genetic Engineering Appraisal Committee (GEAC) নতুন করে ১১ ধরনের বায়োটেক ফসলের মাঠ পরীক্ষা অনুমোদন দিয়েছে। বিটি তুলা চাষ করে দেশটির কৃষকরা ফসল হওয়ার পর বায়োটেক বিরোধী প্রচারণায় ভাটা পরেছে দেশটিতে। তাইতো জাতীয় অর্থনীতি উন্নতি এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে ভূট্টা, গম, ধান, বার্লির মতো গুরুত্বপূর্ণ বায়োটেক ফসলের মাঠ পরীক্ষার অনুমোদন দিয়েছে দেশটি।

For more information, visit <http://www.geneticliteracyproject.org/2014/03/31/gmos-in-india-face-trials-despite-initial-approval/>

## বিটি বেগুনের বাণিজ্যিকীকরণ বিষয়ে সংবাদ সম্মেলন

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. রফিকুল ইসলাম মন্ডল গত ১২ মার্চ তার কার্যালয়ে বিটি বেগুনের বাণিজ্যিকীকরণ বিষয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের সাথে মত বিনিময় করেন। ড. মন্ডল তার বক্তব্যে বিটি বেগুন উদ্ভাবন এবং দেশে উৎপাদনের বিষয়ে আদ্যপান্ত তুলে ধরেন। তিনি বলেন বাংলাদেশ সরকার নিয়ন্ত্রিত জাতীয় এ প্রতিষ্ঠানটি দেশবাসীকে বিটি বেগুন বিষয়ে যেকোন ধরনের বিভ্রান্তি থেকে মুক্ত থাকার আহ্বান জানাচ্ছে। বিটি বেগুন উৎপাদন দেশীয় এবং আন্তর্জাতিক সকল ধরনের বৈজ্ঞানিক এবং প্রশাসনিক বিধিমালা মেনে সিদ্ধান্ত হয়েছে বলে তিনি নিশ্চিত করেছেন।

**For inquiries on the media conference and biotechnology status in Bangladesh, contact Prof. Dr. Khondoker Nasiruddin at [nasirbiotech@yahoo.com](mailto:nasirbiotech@yahoo.com)**

## ইউরোপ

### ফুলের মধু উৎপাদনের জেনেটিক কারন উদ্ভাবন

ম্যাক্সপ্লাঙ্ক ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইকোলজি সম্প্রতি মধু উৎপাদনের জন্য কার্যকরী সুগার ট্রান্সপোর্টারের জিন সনাক্ত করেছেন। SWEET 9 নামক একটি জিন বিভিন্ন ফুল গাছের জিনোমে রয়েছে যা কিনা এ ট্রান্সপোর্টারকে নিয়ন্ত্রণ করে। শুধু তাই নয়, সুক্রোজ উৎপাদনের জন্য দায়ী জিনও উদ্ভাবন করতে সক্ষম হয়েছে সংশ্লিষ্ট বিজ্ঞানীরা যা কিনা অদূর ভবিষ্যতে ফুলের মধু উৎপাদন বিষয়ক গবেষণাকে ত্বরান্বিত করবে।

**For more information about this research, read the news release available at [http://www.mpg.de/8015548/nectar-transporter-plants?filter\\_order=L&research\\_topic=](http://www.mpg.de/8015548/nectar-transporter-plants?filter_order=L&research_topic=)**

## গবেষণা

### বায়োটেক তুলার রোগপ্রতিরোধী জিন বিশ্লেষণ

সম্প্রতি যুক্তরাষ্ট্রের একদল গবেষক ভারতসিয়াম উইল্ট প্রতিরোধী জিনের চারিত্রিক গুণাবলি বিশ্লেষণ করতে সক্ষম হয়েছেন যা কিনা দেশটির তুলা উৎপাদন বিষয়ে গবেষণায় মাইলফলক হিসেবে কাজ করবে। কেননা এ রোগের জন্য দেশটিতে প্রতি বছর তুলা উৎপাদন ব্যাপক লোকসান হয়। SSR and SNP মার্কারের সহায়তায় মূলক উক্ত জিনের চারিত্রিক বিশ্লেষণ করা হয়েছে।

**Read the abstract at <http://link.springer.com/content/pdf/10.1007/s11032-013-9987-9.pdf>.**